রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, মে ২৬, ২০১৫**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

## বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

### প্রজ্ঞাপন

তারিখ, ১৫ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ/২৯ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৬৬-আইন/২০১৫।**—Bangladesh Rice Research Institute Act, 1973 (Act No. X of 1973) এর section 16 এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ব্যবস্থাপনা বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(১) প্রবিধি ২ এর দফা (১৩) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১৩) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন পদে নিয়োগের ক্ষেত্রে তফসিলে উল্লিখিত উক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা :

তবে শর্ত থাকে যে, শিক্ষাগত যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইন্সটিটিউট বা বোর্ড কর্তৃক গৃহীত পরীক্ষার ফলাফলের বিভাগ বা শ্রেণির সমমানের Cumulative Grade Point Average (CGPA) ও প্রয়োজনীয় যোগ্যতা হিসাবে গণ্য হইবে;";

(২) তফসিলের কলাম ১ এ উল্লিখিত—

(ক) ক্রমিক নম্বর ১৬ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ একটি নূতন ক্রমিক নম্বর ১৬ক এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—


**মূল্য ঃ** টাকা ৮.০০

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | "১৬ক | মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার বেতনস্কেল ১৮৫০০—২৯৭০০ পদসংখ্যা-১ | ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** এসিসট্যান্ট ইঞ্জিনিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল বা সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা দ্বিতীয় বিভাগ বা শ্রেণির সমমানের CGPA প্রাপ্ত হইতে হইবে। |

(খ) ক্রমিক নম্বর ২২ এর বিপরীতে কলাম ৫ এ **"পদোন্নতির ক্ষেত্রে"** শীর্ষক এন্ট্রিতে উল্লিখিত "এসএ (ফিল্ডম্যান)" শব্দগুলি ও বন্ধনীর পর "বা ফিল্ড এ্যাসিসটেন্ট" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(গ) ক্রমিক নম্বর ২৯ এর বিপরীতে কলাম ৫ এ—

(অ) **"পদোন্নতির ক্ষেত্রে"** শীর্ষক এন্ট্রিতে উল্লিখিত "সিনিয়র মেকানিক (বিদ্যুৎ)" শব্দগুলি ও বন্ধনীর পর "বা রিসার্চ এসিসটেন্ট" শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(আ) **"সরাসরি নিয়োগের ক্ষেত্রে"** শীর্ষক এন্ট্রিতে উল্লিখিত "ইলেকট্রিক্যাল" শব্দের পর "বা মেকানিক্যাল" শব্দ সন্নিবেশিত হইবে;

(ঘ) ক্রমিক নম্বর ৪১ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ একটি নূতন ক্রমিক নম্বর ৪১ক এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "৪১ক | রিসার্চ এসিসটেন্ট বেতনস্কেল ৮০০০—১৬৫৪০ পদসংখ্যা-২ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড, ইসস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পাওয়ার, অটোমোবাইল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

(ঙ) ক্রমিক নম্বর ৪৯ এর বিপরীতে—

(অ) কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

"পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।"; এবং

(আ) কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা :—

"**পদোন্নতির ক্ষেত্রে :** সিনিয়র সায়েন্টিফিক এসিসটেন্ট পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী অথবা সায়েন্টিফিক এসিসটেন্ট পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী।

**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমাসহ গবেষণা ও মাঠ ব্যবস্থাপনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।";

(চ) ক্রমিক নম্বর ৫১ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ একটি নূতন ক্রমিক নম্বর ৫১ক এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্টিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "৫১ক | ফিল্ড এসিসটেন্ট<br>বেতনস্কেল<br>৬৪০০-১৪২৫৫<br>পদসংখ্যা-৩ | ৩০<br>বৎসর | সরাসরি<br>নিয়োগের<br>মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |

(ছ) ক্রমিক নম্বর ৬৯ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্টিসমূহের পর নিম্নরূপ একটি নূতন ক্রমিক নম্বর ৬৯ক এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "৬৯ক | অডিও ভিজ্যুয়াল<br>অপারেটর<br>বেতনস্কেল<br>৫২০০-১১২৩৫<br>পদসংখ্যা-১ | ৩০<br>বৎসর | সরাসরি<br>নিয়োগের<br>মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার, ল্যাপটপ, মাল্টিমিডিয়া, ওভারহেড প্রজেক্টর, স্লাইড প্রজেক্টর, এমপ্লিফায়ার, ভিসিপি, ভিসিআর, পিএ সিস্টেম টেলিফোন ও জেনারেটর পরিচালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

(জ) ক্রমিক নম্বর ৭২ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ একটি নূতন ক্রমিক নম্বর ৭২ক এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "৭২ক | সিনিয়র সায়েন্টিফিক এসিসটেন্ট বেতনস্কেল ৪৯০০—১০৪৫০ পদসংখ্যা-১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা; অথবা (খ) কোন স্বীকৃত বোর্ড হইতে কৃষি বিজ্ঞান বিষয়সহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। ”; |

(ঝ) ক্রমিক নম্বর ৮২ এবং তদ্‌বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে নিম্নরূপ দুইটি নূতন ক্রমিক নম্বর, যথাক্রমে, ৮২ক ও ৮২খ এবং তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| "৮২ক | সায়েন্টিফিক এসিসটেন্ট বেতনস্কেল ৪৭০০—৯৭৪৫ পদসংখ্যা-৩ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কৃষিতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা; অথবা (খ) কোন স্বীকৃত বোর্ড হইতে কৃষি বিজ্ঞান বিষয়সহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| "৮২খ | জীন ব্যাংক টেকনিশিয়ান বেতনস্কেল ৪৭০০—৯৭৪৫ পদসংখ্যা-১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে কৃষি বিজ্ঞান বিষয়সহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। ”। |

ব্যবস্থাপনা বোর্ডের আদেশক্রমে

**ড. জীবন কৃষ্ণ বিশ্বাস**
মহাপরিচালক (চলতি দায়িত্ব)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd